ইত্তেফাক

তারিখ 26 JUL 2009
পৃষ্ঠা 2 কলাম 8

তারিখ ২৬/০৭/২০০৯

# আট বোর্ডের সেরা দশ কলেজ

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

জিপিএ-৫ প্রাপ্তির হিসাবে নটরডেম কলেজ ঢাকা শিক্ষা বোর্ডের সেরা দশটি কলেজের মধ্যে নিজেদের শ্রেষ্ঠত্ব বজায় রেখেছে। এ বছর নটরডেম কলেজ থেকে জিপিএ-৫ পেয়েছে ১ হাজার ২০৭ জন। যদিও কলেজ কর্তৃপক্ষ সরবরাহকৃত শীটে এই সংখ্যা (৪র্থ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## আট বোর্ডের

(প্রথম পৃঃ পর)

দেখানো হয়েছে ১ হাজার ২০৪ জন। গত বছরের মতো এবারও দ্বিতীয় স্থানে নিজেদের অবস্থান ধরে রেখেছে ঢাকা সিটি কলেজ। কলেজের ২ হাজার ৪৯২ জন ছাত্রছাত্রীর মধ্যে এ বছর জিপিএ-৫ পেয়েছে ৯৩৪ জন। তৃতীয় স্থানে থাকা ভিকারুননিসা নূন কলেজেও এবার জিপিএ-৫ এর সংখ্যা কমেছে। গত বছর ৬৬৩ জন জিপিএ-৫ পেলেও এবার পেয়েছে ৫৩১ জন। ঢাকা কমার্স কলেজের মতো ৪০৯ জন জিপিএ-৫ পেলেও শতভাগ পাসের কারণে এবার ষষ্ঠ থেকে চতুর্থ স্থানে উঠে এসেছে বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ রাইফেলস পাবলিক স্কুল এন্ড কলেজ। গত বছর এই কলেজ থেকে ৩৯৩ জন শিক্ষার্থী জিপিএ-৫ পেয়েছিল। গত বছর ৫১৮টি জিপিএ-৫ পাওয়া ঢাকা কমার্স কলেজ এবার ৪০৯ টি জিপিএ-৫ পেয়ে পঞ্চম স্থানে রয়েছে। ৩৯৩টি জিপিএ-৫ নিয়ে ষষ্ঠ স্থানে রয়েছে মতিঝিল আইডিয়াল স্কুল এন্ড কলেজ। গত বছর ৪২০টি জিপিএ-৫ নিয়ে এই কলেজ পঞ্চম স্থানে ছিল। ৩৫৯টি জিপিএ-৫ নিয়ে এবার মেধা তালিকায় সপ্তম স্থানে রয়েছে, ঢাকা কলেজ। গত বছর এ কলেজের অবস্থান ছিল নবম এবং জিপিএ-৫ এর সংখ্যা ছিল ২৯২টি। ৩৩৯টি জিপিএ-৫ পেয়ে এবার অষ্টম স্থানে রয়েছে হলিক্রস কলেজ। এ বছর একধাপ পিছিয়ে গেলেও তাঁদের জিপিএ-৫ বেড়েছে ৮টি। ৩১৭টি জিপিএ-৫ নিয়ে মেধা তালিকায় নবম স্থানে রয়েছে রাজউক উত্তরা মডেল স্কুল এন্ড কলেজ। গত বছর এই কলেজের অবস্থান ছিল অষ্টম এবং জিপিএ-৫ এর সংখ্যা ছিল ২৯৪টি। এ বছর ঢাকা বোর্ডের সেরা দশের মধ্যে মাইলস্টোন কলেজ স্থান করে নিয়েছে। ২২৯টি জিপিএ-৫ পেয়ে এবার কলেজটি দশম স্থানে রয়েছে। তবে ২৫০টি জিপিএ-৫ নিয়ে গত বছর দশম স্থানে থাকা বিএফ শাহীন কলেজ এবার সেরা দশে স্থান পায়নি। এছাড়া ২১৭টি জিপিএ-৫ নিয়ে মেধা তালিকার এগারতম স্থানে রয়েছে রেসিডেন্সিয়াল মডেল কলেজ।

### রাজশাহী বোর্ড:

জিপিএ-৫ এর ভিত্তিতে এ বছর রাজশাহী বোর্ডের শীর্ষ দশটি কলেজ হচ্ছে: রাজশাহী নিউ গভর্নমেন্ট ডিগ্রি কলেজ (জিপিএ-৫ এর সংখ্যা ৪৪১টি), গভর্নমেন্ট এ এইচ কলেজ, বগুড়া (২৮৯টি), বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ (১৭৫টি), রাজশাহী গভর্নমেন্ট সিটি কলেজ (১৪০টি), শহীদ বুলবুল গভর্নমেন্ট কলেজ, পাবনা (৯৯টি), নওগাঁ গভর্নমেন্ট কলেজ (৬৪টি), উল্লাপাড়া সাইন্স কলেজ (৫৮টি), সিরাজগঞ্জ গভর্নমেন্ট কলেজ (৪৭টি), কাদিরাবাদ ক্যান্টনমেন্ট স্যাপার কলেজ (৪৬টি) এবং নবাবগঞ্জ গভর্নমেন্ট কলেজ (৪৫টি)।

### চট্টগ্রাম বোর্ড:

চট্টগ্রাম বোর্ডের শীর্ষ দশটি কলেজ হচ্ছে চট্টগ্রাম কলেজ (জিপিএ-৫ এর সংখ্যা ৩১৩টি), গভর্নমেন্ট হাজী মুহাম্মদ মোহসিন কলেজ (৩১২টি), গভর্নমেন্ট কমার্স কলেজ (২১৫টি), চট্টগ্রাম সরকারি সিটি কলেজ (১২৪টি), চট্টগ্রাম পাবলিক স্কুল এন্ড কলেজ (১১২টি), ইস্পাহানি পাবলিক স্কুল এন্ড কলেজ (৮১টি), চট্টগ্রাম গভর্নমেন্ট গার্লস কলেজ (৪৬টি), কক্সবাজার সরকারি কলেজ (৩৬টি), ফৌজদারহাট ক্যাডেট কলেজ (৩০টি) ও নৌ বাহিনী কলেজ (২৩টি)।

### যশোর বোর্ড:

যশোর বোর্ডের সেরা দশে স্থান করে নেয়া কলেজগুলো হচ্ছে যথাক্রমে যশোর ক্যান্টনমেন্ট কলেজ (জিপিএ-৫ ২৫৬টি), গভর্নমেন্ট এম এম সিটি কলেজ, খুলনা (১৫২টি), গভর্নমেন্ট গার্লস কলেজ, খুলনা (৯৬টি), কুষ্টিয়া গভর্নমেন্ট কলেজ (৮৬টি), খুলনা পাবলিক কলেজ (৬০টি), ঝিনাইদহ ক্যাডেট কলেজ (৪৬টি), বাংলাদেশ নৌ বাহিনী স্কুল এন্ড কলেজ, খুলনা (৪৫টি), গভর্নমেন্ট কে সি কলেজ, ঝিনাইদহ (৪২টি), চুয়াডাঙ্গা গভর্নমেন্ট কলেজ (৩৪টি), ডা. আব্দুর রাজ্জাক মিউনিসিপ্যালিটি কলেজ যশোর (৩৪টি) ও হামিদুর আল-হেরা কলেজ, যশোর (৩৪টি), সাতক্ষীরা গভর্নমেন্ট কলেজ (২৮টি) ও শেখ আমানুল্লাহ কলেজ, সাতক্ষীরা (২৮টি)।

### দিনাজপুর বোর্ড:

দিনাজপুর বোর্ডের সেরা দশটি কলেজ হচ্ছে যথাক্রমে ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, রংপুর (জিপিএ-৫ ১৮২টি), রংপুর গভর্নমেন্ট কলেজ (১৪৮টি), দিনাজপুর গভর্নমেন্ট কলেজ (১২৯টি), সৈয়দপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ (৭১টি), ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ ও শহীদ মাহবুব সেনানিবাস কলেজ, দিনাজপুর (৬৭টি), পুলিশ লাইন স্কুল এন্ড কলেজ, রংপুর (৬২টি), রংপুর ক্যাডেট কলেজ (৪৫টি), ঠাকুরগাঁও গভর্নমেন্ট কলেজ (৪৩টি) ও গাইবান্ধা গভর্নমেন্ট কলেজ (৩৫টি)।

### কুমিল্লা বোর্ড:

কুমিল্লা বোর্ডের সেরা দশটি কলেজ হচ্ছে যথাক্রমে কুমিল্লা ভিক্টোরিয়া গভর্নমেন্ট কলেজ (জিপিএ-৫ ১৫৮টি), ইস্পাহানি পাবলিক স্কুল এন্ড কলেজ (৭৪টি), কুমিল্লা ক্যাডেট কলেজ (৩৬টি), নোয়াখালী গভর্নমেন্ট কলেজ (২৬টি), অধ্যাপক আব্দুল মজিদ কলেজ (২৩টি), ফেনি গভর্নমেন্ট কলেজ (২২টি), কাজী মোহাম্মদ শফিকুল ইসলাম কলেজ, ব্রাহ্মণবাড়িয়া (১৯টি), আল-আমিন একাডেমী, চাঁদপুর (১৬টি), চৌমুহনী গভর্নমেন্ট এস এ কলেজ (১৪টি) ও চাঁদপুর গভর্নমেন্ট গার্লস কলেজ (১৩টি)।

### সিলেট বোর্ড:

সিলেট বোর্ডের সেরা দশটি কলেজ হচ্ছে যথাক্রমে: সিলেট এম সি কলেজ (জিপিএ-৫ ১৪৫টি), জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ (৬৩টি), সিলেট গভর্নমেন্ট উইমেনস কলেজ (৬১টি), সিলেট ক্যাডেট কলেজ (৩৬টি), মৌলভীবাজার গভর্নমেন্ট কলেজ (২৩টি), সুনামগঞ্জ গভর্নমেন্ট কলেজ (১৪টি), সিলেট কমার্স কলেজ (১২টি), মদন মোহন কলেজ, সিলেট (১১টি), বৃন্দাবন গভর্নমেন্ট কলেজ, হবিগঞ্জ (১০টি) ও দি বাডস রেসিডেন্সিয়াল মডেল স্কুল এন্ড কলেজ, মৌলভীবাজার (৬টি)।

### বরিশাল বোর্ড:

বরিশাল বোর্ডে সেরা দশে স্থান করে নেয়া কলেজগুলো হচ্ছে যথাক্রমে: অমৃতলাল দে কলেজ, বরিশাল (জিপিএ-৫ ১৩৩টি), বরিশাল গভর্নমেন্ট উইমেন'স কলেজ (৭৪টি), বরিশাল ক্যাডেট কলেজ (৩৯টি), গভর্নমেন্ট সৈয়দ হাতেম আলী কলেজ, বরিশাল (৩৫টি), বরিশাল মডেল স্কুল এন্ড কলেজ (২৪টি), শহীদ স্মৃতি কলেজ, পিরোজপুর (১৮টি), গলাচিপা ডিগ্রি কলেজ, পটুয়াখালী ও বরগুনা গভর্নমেন্ট কলেজ (১৩টি), স্বরূপকাঠি গভর্নমেন্ট কলেজ, পিরোজপুর ও চরফ্যাশন কলেজ, ভোলা (৯টি), পটুয়াখালী গভর্নমেন্ট মহিলা কলেজ ও গভর্নমেন্ট সোহরাওয়ার্দী কলেজ ও পিরোজপুর (৮টি), হিজলা কলেজ, বরিশাল (৭টি), নাজিউর রহমান কলেজ, ভোলা (৭টি) ও ঝালকাঠি মহিলা কলেজ (৭টি)।